

সেকশন ১

ভিশন, মিশন এবং ৩ বছর মেয়াদি পরিকল্পনা

১.১ ভিশন :

দক্ষ, অন্তর্ভুক্তিমূলক, আধুনিক প্রযুক্তি নির্ভর, সৃষ্টিশীল এবং জবাবদিহিমূলক ব্যাংকিং সেবার মাধ্যমে দেশের আর্থ-সামাজিক উন্নয়ন প্রত্যয়ে নিবেদিত নেতৃত্ব প্রদানকারী ব্যাংক।

১.২ মিশন :

প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, শুদ্ধাচার নীতির বাস্তবায়ন, সুশাসন সুসংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে জনগণের জীবনযাত্রার মানোন্নয়নের পাশাপাশি দেশের আর্থ-সামাজিক উন্নয়ন প্রচেষ্টায় অবদান রাখা।

১.৩ দপ্তর/সংস্থার ৩ বছর মেয়াদি পরিকল্পনার ছক:

ক্রমিক	পরিকল্পনা	অর্থবছরভিত্তিক লক্ষ্যমাত্রা		
		২০২৬-২০২৭	২০২৭-২০২৮	২০২৮-২০২৯
০১)	আর্থিক অন্তর্ভুক্তি বৃদ্ধিকরণ (গ্রাহক সংখ্যা বৃদ্ধি)	স্কুল ব্যাংকিং হিসাব, কৃষকদের হিসাবসহ অন্যান্য আমানত হিসাব খোলার মাধ্যমে ২০২৬-২০২৭ অর্থবছরে ১৫ লক্ষ নতুন গ্রাহক বৃদ্ধি করা। ফলশ্রুতিতে অধিক সংখ্যক জনগোষ্ঠী ব্যাংকিং সেবার আওতায় আসবে।	স্কুল ব্যাংকিং হিসাব, কৃষকদের হিসাবসহ অন্যান্য আমানত হিসাব খোলার মাধ্যমে ২০২৭-২০২৮ অর্থবছরে ১৮ লক্ষ নতুন গ্রাহক বৃদ্ধি করা।	স্কুল ব্যাংকিং হিসাব, কৃষকদের হিসাবসহ অন্যান্য আমানত হিসাব খোলার মাধ্যমে ২০২৮-২০২৯ অর্থবছরে ২১ লক্ষ নতুন গ্রাহক বৃদ্ধি করা।
০২)	ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম জোরদারকরণ	সিএমএসএমই, কৃষিসহ অন্যান্য খাতে ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম গতিশীল রাখতে ২০২৬-২০২৭ অর্থবছরে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ১২০০০ কোটি টাকা এবং আদায়ের লক্ষ্যমাত্রা ৮০০০ কোটি টাকা নির্ধারণ করা হয়েছে।	সিএমএসএমই, কৃষিসহ অন্যান্য খাতে ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম গতিশীল রাখতে ২০২৭-২০২৮ অর্থবছরে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ১৩০০০ কোটি টাকা এবং আদায়ের লক্ষ্যমাত্রা ৮৫০০ কোটি টাকা নির্ধারণ করা হয়েছে।	সিএমএসএমই, কৃষিসহ অন্যান্য খাতে ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম গতিশীল রাখতে ২০২৮-২০২৯ অর্থবছরে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ১৪০০০ কোটি টাকা এবং আদায়ের লক্ষ্যমাত্রা ৯০০০ কোটি টাকা নির্ধারণ করা হয়েছে।
০৩)	শ্রেণীকৃত ঋণ হ্রাস ও আদায় বৃদ্ধি	ব্যাংকের আর্থিক স্থিতিশীলতা নিশ্চিতকরণের লক্ষ্যে ২০২৬-২০২৭ অর্থবছরে শ্রেণীকৃত ঋণের হার ১৪% এ নামিয়ে আনা এবং শ্রেণীকৃত ঋণ হতে নগদ ৬০০ কোটি ও অবলোপনকৃত ঋণ হতে ৫০ কোটি টাকা আদায় করা হবে।	বিশেষ পুনরুদ্ধার কার্যক্রম জোরদারের মাধ্যমে ২০২৭-২০২৮ অর্থবছরে শ্রেণীকৃত ঋণের হার ১৩% এ নামিয়ে আনা এবং শ্রেণীকৃত ঋণ হতে নগদ আদায়ের লক্ষ্যমাত্রা ৭০০ কোটি ও অবলোপনকৃত ঋণ হতে ৫৫ কোটি টাকা আদায় করা হবে।	পুনরুদ্ধার কার্যক্রম আরও শক্তিশালী করে ২০২৮- ২০২৯ অর্থবছরে শ্রেণীকৃত ঋণের হার ১২% এ নামিয়ে আনা এবং শ্রেণীকৃত ঋণ হতে নগদ আদায়ের লক্ষ্যমাত্রা ৮০০ কোটি ও অবলোপনকৃত ঋণ হতে ৬০ কোটি টাকা আদায় করা হবে।
০৪)	নারী উদ্যোক্তা উন্নয়ন ও কর্মসংস্থান	নারী উদ্যোক্তাদের আর্থিক সহায়তা ও আত্মকর্মসংস্থান বৃদ্ধির লক্ষ্যে ২০২৬-২০২৭ অর্থবছরের ১৫০০ জন নতুন নারী উদ্যোক্তা সৃষ্টি এবং ৬০০ কোটি টাকা ঋণ বিতরণ করা হবে।	নারী উদ্যোক্তা উন্নয়ন কার্যক্রম সম্প্রসারণের মাধ্যমে ২০২৭-২০২৮ অর্থবছরে ১৮০০ জন নতুন নারী উদ্যোক্তা সৃষ্টি এবং ৭৫০ কোটি টাকা ঋণ বিতরণ করা হবে।	নারীদের অর্থনৈতিক ক্ষমতায়ন জোরদার করতে ২০২৮-২০২৯ অর্থবছরে ২১০০ জন নতুন নারী উদ্যোক্তা সৃষ্টি এবং ৮৫০ কোটি টাকা ঋণ বিতরণ করা হবে।



(মোঃ ফারুক হাসান)
ডেপুটি জেনারেল ম্যানেজার
ও বিকল্প ফোকাল পয়েন্ট, GPMS টিম



(মোঃ ইকবাল হোসেন)
চিফ ফিন্যান্সিয়াল অফিসার (সিএফও)
ও ফোকাল পয়েন্ট, GPMS টিম




(কাজী মোঃ মফিজুল ইসলাম)
জেনারেল ম্যানেজার
ও বিকল্প টিম লিডার, GPMS টিম



(মোঃ রেজাউল করিম)
ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর
ও টিম লিডার, GPMS টিম


ক্রমিক	পরিকল্পনা	অর্থবছরভিত্তিক লক্ষ্যমাত্রা		
		২০২৬-২০২৭	২০২৭-২০২৮	২০২৮-২০২৯
০৫)	মামলা নিষ্পত্তিকরণ কার্যক্রম জোরদারকরণ	অর্থক্ষণ, রিট, বিভাগীয় অন্যান্য মামলা দ্রুত নিষ্পত্তির মাধ্যমে ব্যাংকের ঝুঁকি হ্রাসের লক্ষ্যে ২০২৬-২০২৭ অর্থবছরে মামলা নিষ্পত্তির হার যথাক্রমে ১৮%, ৩০% ও ৩৫% এ উন্নীত করা হবে।	আইনি ও প্রশাসনিক কার্যক্রম শক্তিশালী করে ২০২৭-২০২৮ অর্থবছরে মামলা নিষ্পত্তির হার যথাক্রমে ১৯%, ৩২% ও ৩৭% এ উন্নীত করা হবে।	সুশাসন ও শৃঙ্খলা নিশ্চিতকরণের লক্ষ্যে ২০২৮-২০২৯ অর্থবছরে মামলা নিষ্পত্তির হার যথাক্রমে ২০%, ৩৪% ও ৩৯% এ উন্নীত করা হবে।
০৬)	ব্যাংকের সার্বিক আর্থিক অবস্থার উন্নয়ন	মূলধন ও প্রতিশন সংরক্ষণ এবং অধিক পরিচালন মুনাফা অর্জনের মাধ্যমে ২০২৬-২০২৭ অর্থবছরে ব্যাংকের অবস্থা অধিকতর মজবুত ও শক্তিশালী করা। এ লক্ষ্যে ১০% সংরক্ষিত মূলধন বজায় রাখা, ১০০%, প্রতিশন সংরক্ষণ এবং ৮০০০ কোটি টাকা পরিচালন মুনাফা অর্জনের লক্ষ্যমাত্রা নির্ধারন করা হয়েছে।	ব্যাংকের আর্থিক সক্ষমতা আরও সুদৃঢ় করতে ২০২৭-২০২৮ অর্থবছরের ১০.২৫% সংরক্ষিত মূলধন বজায় রাখা, ১০০% প্রতিশন সংরক্ষণ এবং ৯০০০ কোটি টাকা পরিচালন মুনাফা অর্জনের লক্ষ্যমাত্রা নির্ধারন করা হয়েছে।	টেকসই আর্থিক ভিত্তি নিশ্চিতকরণের লক্ষ্যে ২০২৮-২০২৯ অর্থবছরের ১০.৫০% সংরক্ষিত মূলধন বজায় রাখা, ১০০% প্রতিশন সংরক্ষণ এবং ১০,০০০ কোটি টাকা পরিচালন মুনাফা অর্জনের লক্ষ্যমাত্রা নির্ধারন করা হয়েছে।
০৭)	কর্মকর্তা নিয়োগ পদোন্নতি ও প্রশিক্ষণ প্রদান	ব্যাংকের কার্যক্রম সম্প্রসারণ ও সেবার মান উন্নয়নের লক্ষ্যে ২০২৬-২০২৭ অর্থবছরের লক্ষ্যমাত্রা ২০০০ জন কর্মকর্তা নিয়োগ এবং ৩০,৫০০ জন (নারীদের অগ্রাধিকার দিয়ে) ব্যাংকিং বিভিন্ন বিষয় ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা। এছাড়া অর্গানোগ্রাম অনুযায়ী পদোন্নতি কার্যক্রম অব্যাহত রাখা।	দক্ষ মানবসম্পদ গড়ে তোলার লক্ষ্যে ২০২৭-২০২৮ অর্থবছরে ৫০০ জন কর্মকর্তা নিয়োগ এবং ৩১,০০০ জনকে (নারীদের অগ্রাধিকার দিয়ে) ব্যাংকিং বিভিন্ন বিষয় ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হবে। এছাড়া অর্গানোগ্রাম অনুযায়ী পদোন্নতি কার্যক্রম অব্যাহত রাখা হবে।	আধুনিক ও প্রযুক্তিনির্ভর ব্যাংকিং সেবা নিশ্চিতকরণের লক্ষ্যে ২০২৮-২০২৯ অর্থবছরে ২৫০ জন কর্মকর্তা নিয়োগ এবং ৩৩,০০০ জনকে (নারীদের অগ্রাধিকার দিয়ে) ব্যাংকিং বিভিন্ন বিষয় ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হবে। এছাড়া অর্গানোগ্রাম অনুযায়ী পদোন্নতি কার্যক্রম অব্যাহত রাখা হবে।
০৮)	ডিজিটাল ব্যাংকিং ও ক্যাশলেস লেনদেন সম্প্রসারণ	ই-ওয়ালেট, ডেবিট/ক্রেডিট কার্ড, RTGS, NPSB, BEFTN ও QR Code Cash Withdrawal ব্যবহারের মাধ্যমে ২০২৬-২০২৭ অর্থবছরে পূর্বের অর্থবছরের তুলনায় ডিজিটাল লেনদেন কার্যক্রম সম্প্রসারণ করা হবে।	আধুনিক পেমেন্ট সিস্টেম সম্প্রসারণের মাধ্যমে ২০২৭-২০২৮ অর্থবছরে পূর্বের অর্থবছরের তুলনায় ডিজিটাল লেনদেনের পরিমাণ ও গ্রাহক সংখ্যা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি করা হবে।	প্রযুক্তিনির্ভর ক্যাশলেস ব্যাংকিং ব্যবস্থা সুসংহত করার লক্ষ্যে ২০২৮-২০২৯ অর্থবছরে পূর্বের অর্থবছরের তুলনায় ডিজিটাল লেনদেনের পরিমাণ ও ব্যবহার আরও সম্প্রসারণ করা হবে।
০৯)	সুশাসন, ঝুঁকি ব্যবস্থাপনা ও নীতিমালা হালনাগাদকরণ	AML & CFT Guidelines, Green Banking Manual এবং Internal Control & Compliance Policy হালনাগাদের মাধ্যমে ২০২৬-২০২৭ অর্থবছরে সুশাসন ও ঝুঁকি ব্যবস্থাপনা কার্যক্রম জোরদার করা হবে।	Credit Policy ও Credit Risk Management Policy হালনাগাদের মাধ্যমে ২০২৭-২০২৮ অর্থবছরে ঝুঁকি ব্যবস্থাপনা ও ঋণ প্রশাসন আরও কার্যকর করা হবে।	ব্যাংকের সকল নীতিমালা ও অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা যুগোপযোগী করার মাধ্যমে ২০২৮-২০২৯ অর্থবছরে সুশাসন ও জবাবদিহিতা আরও সুসংহত করা হবে।




(মোঃ ফারুক হাসান)
ডেপুটি জেনারেল ম্যানেজার
ও বিকল্প ফোকাল পয়েন্ট, GPMS টিম



(মোঃ ইকবাল হোসেন)
চিফ ফিন্যান্সিয়াল অফিসার (সিএফও)
ও ফোকাল পয়েন্ট, GPMS টিম



(কাজী মোঃ মফিজুল ইসলাম)
জেনারেল ম্যানেজার
ও বিকল্প টিম লিডার, GPMS টিম



(মোঃ রেজাউল করিম)
ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর
ও টিম লিডার, GPMS টিম